রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২০ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৪, ২০২০

## সূচীপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৬৫—৫৭৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৬৩—৬৮২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭৭—১৮৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ২৫—৪৩ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৯১—৭১৩ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৭/২৭ জুলাই ২০২০

**নং ০৫.০০.০০০০.১৮২.২৭.০০১.১৩-৪৩৩**—যেহেতু, জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন (পরিচিতি নম্বর-১৬৩২৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) গত ১৩-০১-২০১৩ তারিখ হতে ১৩-০৫-২০১৩ তারিখ পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জে ভূমি হুকুম দখল কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে তাঁর বিরুদ্ধে মোট ১৩ টি অভিযোগের পরিপ্রেক্ষিতে এ শাখার গত ০৮-০৯-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৮২.২৭.০০১.১৩-৬১২ নং স্মারকের মাধ্যমে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতি (Corruption)" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড উইথ এডি ডাকযোগে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন তিনি প্রথম কারণ দর্শানো নোটিশের জবাব দালিলের জন্য সময় বর্ধিত করণের আবেদন করেন। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে জবাব দাখিলের সময় বর্ধিত করা হয়। তিনি পুনরায় একই আবেদন করেন। পুনরায় সময় বর্ধিতকরণের বিধিগত সুযোগ না থাকায় তা নামঞ্জুর করা হয়। তিনি ব্যক্তিগত শুনানিও চাননি;

যেহেতু, তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব দাখিল করেন নি। তবে আনীত অভিযোগসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৩) বিধি অনুযায়ী অভিযোগ তদন্তের জন্য বেগম শামীমা ইয়াছমিন (পরিচিতি নম্বর-৫২১০), যুগ্মসচিব (তদন্ত-১), জনপ্রশাসন মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে ২২-০৬-২০১৪ খ্রিঃ তারিখে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্তোষজনকভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার নথিপত্র পর্যালোচনা এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (ডি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতি (Corruption)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(খ) মোতাবেক তাঁর বিরুদ্ধে "বাধ্যতামূলক অবসর (Compulsory retirement)" গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি ৭(৯) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্ট্রি উইথ এডি ডাকযোগে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের কোনো জবাব দাখিল করেন নি। বিভাগীয় মামলা চলমান থাকা অবস্থায় অভিযুক্ত কর্মকর্তা বিগত ০৩-০১-২০১৬ খিঃ তারিখ মহামান্য হাইকোর্ট ডিভিশনের নির্দেশনার আলোকে তাঁর বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলা স্থগিতের আবেদন করেন। পরবর্তীতে ২৮-০৩-২০১৯ খ্রিঃ তারিখ জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন নিজেই রিট পিটিশন নং-৮৯৪০/২০১৪ প্রত্যাহার করে তার আদেশের সার্টিফাইড কপি দাখিল করেন এবং ০২-০৪-২০১৯ খ্রিঃ তারিখ তিনি স্থগিতকৃত বিভাগীয় মামলার কার্যক্রম পুনরায় শুরু করার জন্য আবেদন করেন;

যেহেতু, জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় তাকে সরকারি চাকুরি হতে "বাধ্যতামূলক অবসর (Compulsory retirement)" প্রদানের প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত অপরিবর্তিত রেখে The Bangladesh Public Service Commission (Consultation) Regulation, 1979 এর ৬ নং রেগুলেশন মোতাবেক গুরুদণ্ড আরোপের বিভাগীয় মামলার প্রাসঙ্গিক সকল কাগজপত্র প্রেরণ করে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) মোতাবেক "বাধ্যতামূলক অবসর (Compulsory retirement)" প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

যেহেতু, জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন প্রস্তাবিত দণ্ডের সাথে একমত পোষণ করায় একই বিধিমালার ৪(৩)(খ) বিধিমতে গুরুদণ্ড হিসেবে তাঁকে সরকারি চাকরি হতে "বাধ্যতামূলক অবসর (Compulsory retirement)" প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ শাহরিয়ার মতিন (পরিচিতি নম্বর-১৬৩২৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(খ) বিধিমতে গুরুদণ্ড হিসেবে তাঁকে এ আদেশ জারির তারিখ থেকে সরকারি চাকুরি হতে "বাধ্যতামূলক অবসর (Compulsory retirement)" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**

সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৭/১০ আগস্ট ২০২০

নং **৫৩.০০.০০০০.৪২১.৯৯.০০৩.১৯-৮৯**—"পুঁজিবাজার কার্যক্রম সমন্বয় ও তদারকি কমিটি" এর কার্য পরিধি অপরিবর্তিত রেখে তৎকালীন অতিরিক্ত সচিব জনাব মাকসুরা নূর এনডিসি এর পরিবর্তে অতিরিক্ত সচিব জনাব আবদুল্যাহ হারুন পাশা-কে সমন্বয়ক এবং সদস্য-সচিব ড. নাহিদ হোসেন এর পদমর্যাদা উপসচিব এর পরিবর্তে যুগ্মসচিব করে নিম্নরূপভাবে কমিটি পুনর্গঠন করা হ'ল।

**সমন্বয়ক**

০১. জনাব আবদুল্যাহ হারুন পাশা, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

**সদস্যবৃন্দ**

০২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।

০৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।

০৪. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

**সদস্য-সচিব**

০৫. জনাব ড. নাহিদ হোসেন, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিন উদ্দিন**

সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৬ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

নং **আর-৬/৪ডি-০১/২০১৮-১২৮**—যেহেতু, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার সাবেক সাব-রেজিস্ট্রার জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) মোতাবেক 'অদক্ষতা' এবং বিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে ০১/২০১৮ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করতঃ কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব দুলাল কুমার চৌধুরী উক্ত কারণ দর্শানো নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোনো যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত সাব-রেজিস্ট্রার, জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে অদক্ষতা, অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব দুলাল কুমার চৌধুরীকে আনীত অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের বিপরীতে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে "বাধ্যতামূলক অবসর প্রদান" করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন প্রাপ্ত সকল কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব দুলাল কুমার চৌধুরী (সাময়িক বরখাস্তকৃত), সাব-রেজিস্ট্রার, আশাশুনি, সাতক্ষীরা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদানে' মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করেছে।

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ অনুযায়ী সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার সাবেক সাব-রেজিস্ট্রার জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) মোতাবেক 'অদক্ষতা' এবং বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় বিধি ৪(৩)(খ) অনুযায়ী তাঁকে বাধ্যতামূলক অবসর (Compulsory retirement) প্রদান করা হলো। এরূপ বাধ্যতামূলক অবসর প্রদানের ফলে তিনি বিধি মোতাবেক অবসর সংক্রান্ত সকল প্রকার আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিক : ২০ শ্রাবণ ১৪২৭/০৪ আগস্ট ২০২০

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৫৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরে "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Biological Sciences (BS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. এ. এস. মাহফুজুল বারি | প্যাথলজি বিভাগ, ভেটেরিনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ০১৭১৭৮৩৮৯১৫, bari.bau.bd@gmail.com | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী<br>প্রো-ভাইস চ্যান্সেলর | শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা, ০১৭১১২৩০১৮৩, msa_sau@yahoo.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. রাখহরি সরকার | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১১৫৪৭৪২৯, rhsarker2000@yahoo.co.uk | সদস্য |

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ৪। | অধ্যাপক ড. মোঃ মাহবুবুর রহমান | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ০১৮১৫৫১৫০৯৭, mmrahman 11@yahoo.com | সদস্য |
| ৫। | অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান | গাইনোকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ০১৭৩৩৭৬৯৮০০, aminoor69@yahoo.com | সদস্য |
| ৬। | ড. মোঃ আশরাফ হোসেন<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর<br>০১৭১২৯৪৮৮৭১, ashrafbdprc@gmail.com | সদস্য |
| ৭। | ড. মো. সলিমুল্লাহ<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | মলিকুলার বায়োটেকনোলজি বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯<br>০১৭৩৮৯৯৯৯৯৩, salim2969@gmail.com | সদস্য |
| ৮। | ড. মোঃ গোলাম মোস্তফা<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহবায়ক/সদস্য কোনো প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

ঙ. আহ্বায়ক ও সদস্যগণ বিধি মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৬০**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরে "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/ বিশেষজ্ঞ/ বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Engineering & Applied Sciences (EAS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. রফিকুল ইসলাম | ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ০১৭১০৯২৬৬০৯, professorrafiqulislam@yahoo.co.uk | আহবায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ নূরুল আলম | প্রো-ভিসি, পদার্থবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার ঢাকা, ০১৫৫২৩২৮৫২০, alamphys@yahoo.com | সদস্য |

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ৩। | অধ্যাপক ড. কাজী দীন মোহাম্মদ খোসরূ | তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ এবং পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা<br>০১৮১৯৪১০৮৪৫, qdmkhosru@eee.buet.ac.bd | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাছিত | পদার্থবিজ্ঞান বিভাগ, বালাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা<br>০১৫৫২৪২৮০৬৮, mabasith@phy.buet.ac.bd | সদস্য |
| ৫। | প্রকৌশলী নাছির আহমেদ | প্রকৌশল বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা,<br>০১৭১৪০৯০২৩৬, ahnasir88@yahoo.com | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান ( কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহবায়ক/সদস্য কোনো প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

ঙ. আহ্বায়ক ও সদস্যগণ বিধি মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ শাখা**
**এলএ কেস নং-৮৭/৬৬-৬৭**
**ঘ-ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/১০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৫.১৪-১৫১**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮) সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৮-১২-১৯৬৭ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলাঃ রংপুর, উপজেলাঃ কাউনিয়া, মৌজাঃ হরিচরণ শর্মা, জেএল নং-৬৯

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩৭ | ৩৬৯ আংঃ | ০.০১ |
| ৩৭ | ৩৭০ আংঃ | ০.০২ |
| ৩৬ | ৩৭৫ আংঃ | ০.০২ |
| ১৭, ২৩ | ৩৭৬ আংঃ | ০.১০ |
| ২৪ | ৩৮৪ আংঃ | ০.২০ |

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৫ | ৩৮৫ আংঃ | ০.৭০ |
| ০১ | ৩৮৬ আংঃ | ০.০৪ |
| ২৮ | ৩৮৭ আংঃ | ০.৪০ |
| ২০ | ৩৯৪ আংঃ | ০.২৮ |
| ১৮ | ৩৯৬ পূর্ণ | ০.০৬ |
| ১৮,২০,২১ | ৩৯৭ পূর্ণ | ০.৩৯ |
| ১৮ | ৩৯৮ আংঃ | ০.০৪ |
| ২০ | ৩৯৯ আংঃ | ০.১৬ |
| ২১ | ৪০০ আংঃ | ০.১২ |
| ০১ | ৪০২ আংঃ | ০.১৪ |
| ২৮ | ৪০৩ আংঃ | ০.৬৩ |
| ২৭ | ৪০৪ পূর্ণ | ০.১৪ |
| ৪৯৮ | ৪০৬ আংঃ | ০.৩৪ |
| ২৬৫ | ৪০৭ পূর্ণ | ০.৩১ |
| ২৬৬ | ৪০৮ আংঃ | ০.৩০ |
| ৫০১ | ৪০৯ আংঃ | ০.০৬ |
| ৫০০ | ৪১১ আংঃ | ০.৩৪ |
| ১৮১ | ৪১২ আংঃ | ০.০৮ |
| ০১ | ৪৪০ আংঃ | ০.০৬ |
| ৬৪ | ৪৪১ আংঃ | ০.০২ |
| ৮৪ | ৪৪২ আংঃ | ০.০৮ |
| ১৮০ | ৪৪৩ পূর্ণ | ০.০৮ |
| ১৮০ | ৪৪৪ আংঃ | ১.৩০ |
| ৮৪ | ৪৪৫ আংঃ | ০.০৬ |
| ৮৫ | ৪৪৬ আংঃ | ০.১৫ |
| ৮৫ | ৪৪৭ আংঃ | ০.২৫ |
| ১৩৯ | ৪৫১ আংঃ | ০.২৮ |
| ৯৩, ৯৪ | ৪৫৩ আংঃ | ০.৪১ |
| ১৩৯ | ৪৫৫ আংঃ | ০.২২ |
| ১৭৯ | ৪৫৬ আংঃ | ০.০৩ |
| ৯৩ | ৪৫৭ পূর্ণ | ০.১৪ |
| ৯৩ | ৪৫৮পূর্ণ | ০.০২ |
| ৯৫ | ৪৫৯ আংঃ | ০.১৩ |
| ৯৩ | ৪৬০ পূর্ণ | ০.০২ |
| ৬৪ | ৪৬১ আংঃ | ০.২৬ |

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৮২ | ১৩৮০ আংঃ | ০.০৬ |
| ৫১৯ | ১৩৮২ আংঃ | ০.১০ |
| ৫১৯ | ১৩৮৩ আংঃ | ০.২২ |
| ৫২০ | ১৩৮৪ আংঃ | ০.১১ |
| ৫৩০ | ১৩৮৫ পূর্ণ | ০.১০ |
| ৫১৯ | ১৩৮৬ পূর্ণ | ০.১৮ |
| ৫৩০ | ১৩৮৭ আংঃ | ০.২২ |
| ৫৩০ | ১৩৮৮ পূর্ণ | ০.২২ |
| ৫৩০ | ১৩৮৯ পূর্ণ | ০.০৬ |
| ৫১৯ | ১৩৯০ পূর্ণ | ০.০৯ |
| ৬৪ | ১৩৯১ আংঃ | ০.৫০ |
| ১৩৪, ১৩৬ | ১৩৯২ আংঃ | ০.০৮ |
| ৮১ | ১৪০২ পূর্ণ | ০.০২ |
| ৫১৯ | ১৪০৩ পূর্ণ | ০.০৪ |
| ২৯০ | ১৫১১ আংঃ | ০.০২ |
| ৮১ | ১৫১২ আংঃ | ০.৪৫ |
| ২৯৯ | ১৫১৩ পূর্ণ | ০.১৩ |
| ৩০৫ | ১৫১৪ পূর্ণ | ০.২৪ |
| ৩০৬ | ১৫১৫ আংঃ | ০.০৮ |
| ৩০৫ | ১৫১৬ আংঃ | ০.০২ |
| ৩০১ | ১৫১৭ আংঃ | ০.৪২ |
| ৩০১ | ১৫২০ আংঃ | ০.১৪ |
| ২৯৯ | ১৫২১ পূর্ণ | ০.১২ |
| ২৯৯ | ১৫২২ আংঃ | ০.১৬ |
| ২৭৬ | ১৫৩১ আংঃ | ০.১০ |
| ১৭২ | ১৫৩২ পূর্ণ | ০.৩৪ |
| ০১ | ১৫৩৩ আংঃ | ০.০৪ |
| ৩২২ | ১৫৩৪ পূর্ণ | ০.৪৫ |
| ৩২২ | ১৫৩৫ পূর্ণ | ০.২৯ |
| ৩২৭ | ১৫৩৬ আংঃ | ০.১১ |
| ৩২৫, ৩২৬ | ১৫৪০ আংঃ | ০.০৩ |
| | মোট | ১৩.৫৩ একর |

জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরে দেখা যাইতে পারে।

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

**এলএ কেস নং-৩১/৬৯-৭০**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/১০ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩৫.১৪-১৫১**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮) সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৪-০৯-১৯৭১ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলাঃ রংপুর, উপজেলাঃ কাউনিয়া, মৌজাঃ হলদিবাড়ী, জেএল নং-৫৭

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৯৪ | ১২৫ আংঃ | ০.১২ |
| ১৪২ | ১৩০ আংঃ | ০.০৮ |
| ১৯১ | ১৩১ পূর্ণ | ০.২৪ |
| ১৮১ | ১৩২ পূর্ণ | ০.০৮ |
| ৯৩ | ১৩৩ আংঃ | ০.৩২ |
| ২৩৭ | ১৩৪ পূর্ণ | ০.১০ |
| ১৬২ | ১৩৫ পূর্ণ | ০.১৬ |
| ১৬২ | ১৩৬ পূর্ণ | ০.১৬ |
| ১৮১ | ১৩৭ আংঃ | ০.১৬ |
| ১৬১ | ১৩৯ আংঃ | ০.০৩ |
| ২৯৫ | ১৫২ আংঃ | ০.০১ |
| ২৯৫ | ১৫৩ আংঃ | ১.০০ |
| ২৯২ | ১৫৪ আংঃ | ০.৫২ |
| ২৯২ | ১৫৫ আংঃ | ০.১০ |
| ২৯৪ | ১৫৬ আংঃ | ০.০৫ |
| ১৩০ | ১৮৯ আংঃ | ০.০২ |
| ১৩০ | ১৯০ আংঃ | ০.০২ |
| ১৩০ | ১৯১ পূর্ণ | ০.৫০ |
| ১৩১ | ১৯২ আংঃ | ০.০৯ |
| ২২৬ | ১৯৩ আংঃ | ০.২২ |
| ২৫৭ | ১৯৪ পূর্ণ | ০.০৭ |
| ২৫৬ | ১৯৫ আংঃ | ০.০২ |
| ২৫৭ | ১৯৬ আংঃ | ০.০৪ |
| ২২৮ | ১৯৮ আংঃ | ০.১৩ |
| ২০৬ | ১৯৯ পূর্ণ | ০.০৬ |
| ১৮১ | ২১৪ আংঃ | ০.১২ |
| ২৫৭ | ২৬১ আংঃ | ০.৬২ |
| ২২৬ | ২৬২ আংঃ | ০.৩৩ |
| ৭১ | ৪৪৪ আংঃ | ০.৩৭ |
| ১৭৭, ১৭৯ | ৪৪৫ পূর্ণ | ০.৩২ |
| ১৭৭, ১৭৯ | ৪৪৬ আংঃ | ০.০৯ |
| ১৮২, ১৮৩ | ৪৫৭ আংঃ | ০.৩৩ |
| ১৯৩ | ৪৫৮ পূর্ণ | ০.৪০ |
| ২৩৫ | ৪৫৯ আংঃ | ০.৫২ |
| ১৯০ | ৪৬৭ আংঃ | ০.১৬ |
| ১৮৯ | ৪৬৮ আংঃ | ০.১৮ |
| ৯৩ | ৪৬০ আংঃ | ০.৬২ |
| ৩০৫, ৩০৪, ২৯৮, ২৯৯, ৩০১, ৩০২, ৩০৩ | ১৪০১ আংঃ | ০.২২ |
| ২১৬ | ১৪১৩ আংঃ | ০.২৮ |
| ২১৪, ২১৫ | ১৪১৪ আংঃ | ০.৪৬ |
| ২১৪, ২১৫ | ১৪১৫ আংঃ | ০.৪৮ |
| ২১৯ | ১৪১৬ আংঃ | ০.৫৬ |
| ১৪০ | ১৪১৭ আংঃ | ০.২৬ |
| ২৫৫ | ১৪১৮ আংঃ | ০.০৬ |
| ১৩৭ | ১৪২৩ আংঃ | ০.০৮ |
| ১৩৪ | ১৪২৪ আংঃ | ০.০১ |
| ১৩৪ | ১৪২৬ আংঃ | ০.১৭ |
| ১৩৪ | ১৪২৭ আংঃ | ০.৩০ |
| ৭৬, ৭৭ | ২৪৭০ আংঃ | ০.২৪ |
| ১৪৬, ১৪৭, ১৪৮, ১৪৯, ১৫০ | ১৪৮৪ আংঃ | ১.২০ |
| ২২১ | ১৪৮৫ আংঃ | ০.১৪ |
| ২২১ | ১৪৮৬ আংঃ | ০.৩৮ |
| | সর্বমোট | ১৩.২০ |

জেলাঃ রংপুর, উপজেলাঃ কাউনিয়া, মৌজাঃ শাহবাজ, জেএল নং-৫৬

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৫১, ১৫২ | ১৪২ আংঃ | ০.২০ |
| ১০৭ | ১৪৩ পূর্ণ | ০.২৮ |
| ৩৪ | ১৪৪ পূর্ণ | ০.২৭ |
| ১০৮ | ১৪৫ পূর্ণ | ০.০৬ |
| ১০৮ | ১৪৬ আংঃ | ০.৪৭ |
| ১০৭ | ১৪৭ আংঃ | ০.০১ |
| ১০৭ | ১৪৮ আংঃ | ০.০২ |
| ২৬ | ১৫৬ পূর্ণ | ০.০৩ |
| ২৬১ | ১৫৭ আংঃ | ০.০২ |
| ২৬০ | ১৫৮ পূর্ণ | ০.০৭ |
| ২৬০ | ১৫৯ পূর্ণ | ০.১৩ |
| ২৬৬ | ১৬০ পূর্ণ | ০.২৩ |
| ২৮ | ১৬১ পূর্ণ | ০.১৫ |
| ২৫ | ১৬২ পূর্ণ | ০.০১ |
| ১০৪ | ১৬৩ আংঃ | ০.০১ |
| ০১, ০৫ | ১৬৪ আংঃ | ০.০১ |
| ০১, ০৫ | ১৬৫ আংঃ | ০.৩০ |
| ০১, ০৫ | ১৬৬ পূর্ণ | ০.২৭ |
| ০১, ০৫ | ১৬৭ আংঃ | ০.১৬ |
| ১০৪ | ১৮৩ আংঃ | ০.০৪ |
| ১৫১, ১৫২ | ১৮৪ আংঃ | ০.৩৫ |
| ০১, ০৫ | ১৮৬ আংঃ | ০.০১ |
| ১৪৮ | ৩৬৩ আংঃ | ০.৪৪ |
| ২৬১ | ৩৬৪ পূর্ণ | ০.১৭ |
| ২০০ | ৩৬৫ আংঃ | ০.০৭ |
| ১৯৭, ১৯৮ | ৩৬৬ আংঃ | ০.৪৫ |
| ২৬৬ | ৩৮৪ আংঃ | ০.২২ |
| ০১, ০৫ | ৩৮৫ আংঃ | ০.০৬ |
| ০১, ০৫ | ৩৮৬ আংঃ | ০.০৫ |
| ০১, ০৫ | ৩৮৭ আংঃ | ০.০৮ |
| ১১৪ | ৩৮৮ পূর্ণ | ০.০৭ |
| ১১৪ | ৩৮৯ পূর্ণ | ০.০৬ |
| ১৬৫ | ৩৯০ আংঃ | ০.১০ |
| ১৬৫ | ৩৯১ আংঃ | ০.১১ |
| ১৬৫ | ৩৯২ আংঃ | ০.১১ |
| ২৬৭ | ৩৯৩ আংঃ | ০.৩২ |
| ১৪৫ | ৪১৪ আংঃ | ০.০২ |
| ২৬০ | ৪১৬ আংঃ | ০.২৮ |
| ২৬১ | ৪১৭ আংঃ | ০.১৬ |
| ২৬২ | ৪১৮ আংঃ | ০.৩২ |
| ১৭৩ | ৪৭৫ আংঃ | ০.২৮ |
| ২৬৫ | ৫৫৯ আংঃ | ০.১৯ |
| | সর্বমোট | ৬.৬৬ একর |

জমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরে দেখা যাইতে পারে।

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭/৩০ জুলাই ২০২০

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৪৬**—চট্টগ্রাম জেলার পটিয়া থানার মামলা নং ২২, তারিখ ১৪-১১-২০১৯ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ১০ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৪৭**—ঢাকা জেলার মুগদা থানার মামলা নং ৬৭(০৮)১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১৩ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৪৮**—ঢাকা জেলার নিউমার্কেট থানার মামলা নং ০৬(১০)১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৪৯**—ঢাকা জেলার শাহবাগ থানার মামলা নং ১২(০২)১৬-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ১০/১২ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৫০**—ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার মামলা নং ৫৮(০৯)১৭-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৫১**—ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার মামলা নং ০৮(১২)১৮-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৫২**—ঢাকা জেলার সূত্রাপুর থানার মামলা নং ০২(০৪)১৬-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(১)(ক)(অ)/৬(২)/ ৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৫৩**—ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার মামলা নং ১২৩(০৪)১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(উ) ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৫৪**—নারায়ণগঞ্জ জেলার সদর থানার মামলা নং ৫২, তারিখ-২৭-০৮-২০১৬ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২) ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ আমিনুল ইসলাম**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭/০৯ আগস্ট ২০২০

**নং ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫২.১৭-১১৭**—যেহেতু, ডাঃ মোঃ ইউনুস, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফসি), রামু, কক্সবাজার গত ০১-০৯-১৯৯৪ খ্রি. তারিখ হতে ৩০-১১-১৯৯৪ খ্রি. তারিখ পর্যন্ত ৯১ (একানব্বই) দিন অর্জিত ছুটি মঞ্জুর হওয়ার পর ছুটিতে গমন করেন। ছুটি ভোগের পর হতে ৩১-০৮-৯৬ খ্রি. তারিখে অভিযোগনামা ইস্যুর তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯' মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অত্র মন্ত্রণালয়ের গত ৩১-০৮-১৯৯৬ খ্রি. তারিখের পার-৭/১-৩/৯৬/৯৬ নং স্মারকে অভিযুক্তকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনান্তে তাকে চাকরি হইতে বরখাস্ত (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করে গত ১৫-০৭-২০০৭ খ্রি. তারিখের পত্রের স্মারক নং-শৃং-২(পার-৭)-১-৩/৯৬/৩৭৯ মোতাবেক তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু কর্তৃপক্ষ তাকে দোষী সাব্যস্ত করে বর্ণিত অধ্যাদেশের ৪(এ) উপধারা মোতাবেক সরকারি 'চাকরি হইতে বরখাস্ত (Dismissal from Service)' করার সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ২৫-০৮-২০১৩ খ্রি. তারিখের স্বাপকম/শৃঙ্খলা-২(পার-৭)-১-৩/৯৬-৩৫৮ নং স্মারকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে মতামতের জন্য প্রেরণ করা হয় এবং উক্ত পত্রের ধারাবাহিকতায় সর্বশেষ গত ০৫-১২-২০১৯ খ্রি. তারিখের স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫২.১৭-৩৫ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় গত ২২-০১-২০২০ খ্রি. তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২৮.২০১৩-১৩ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি 'চাকরি হইতে বরখাস্ত' করার বিষয়ে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯-এর ৩(বি) উপধারার অপরাধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় উক্ত অধ্যাদেশের ৪(এ) উপধারা মোতাবেক তাকে 'চাকরি হইতে বরখাস্ত' দণ্ড প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আলী নূর**
সচিব।

**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭/২৮ জুলাই ২০২০

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৮-২৯১**—যেহেতু, ডাঃ সুরাইয়া বেগম (১১৪০২৭), প্রডাকশন ম্যানেজার, আইভিএফ শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা গত ০২-০২-২০১৪ হতে ২৬-১১-২০১৭ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০৩-১০-২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৮-৩৪৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ সুরাইয়া বেগম (১১৪০২৭), প্রডাকশন ম্যানেজার, আইভিএফ শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো এবং তাঁর বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো। এ সংক্রান্ত অনুপস্থিতিকালীন গত ০২-০২-২০১৪ হতে ২৬-১১-২০১৭ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোনো বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবদুল মান্নান**
সচিব।

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**আইন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬ বাং/১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ

**নং ২২.০০.০০০০.০৭০.৩৩.০১১.২০১০-৭৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ০৫.১৫০.০১২.০০.০০. ০৯৯.১৯৯৫-১৩২ নং স্মারক, অর্থ বিভাগের ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৬১.২২.০০২.১১-৩৬৮ নং স্মারক এবং এ মন্ত্রণালয়ের ০৯ জানুয়ারি ২০২০ তারিখের ২২.০০.০০০০.০৭০.৩৩.০১১.২০১০-২০নং ও ০৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ২২.০০.০০০০. ০৭০. ৩৩.১১.২০১০-৫৭নং স্মারক মোতাবেক বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট-এর "ফরেস্ট রেঞ্জার" পদের বেতনস্কেল ও পদ মর্যাদা (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১১তম হতে ১০ম গ্রেডে) উন্নীতকরণে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করছি :

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | উন্নীত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | ফরেস্ট রেঞ্জার | টাঃ ১২,৫০০—৩০,২০০/- (গ্রেড-১১) | টাঃ ১৬,০০০—৩৮৬৪০/- (গ্রেড-১০) | (ক) **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, বনবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিদ্যা বা মৃত্তিকা, পানি ও পরিবেশ বিষয় ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ, স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রি/৪ বছর মেয়াদি ফরেস্ট ডিপ্লোমা।<br>(খ) **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(১) ডেপুটি রেঞ্জার পদে অন্যূন ৭(সাত) বছরের চাকরি;<br>(২) ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি। |

**শর্তবলি :**

(ক) উপরের ছকের ৪নং কলামে উন্নীত বেতনস্কেল প্রশাসনিক মঞ্জুরি আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকে প্রদত্ত শর্ত মোতাবেক পদটির গ্রেড পরিবর্তনে পদধারী কোনো বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন না;

(খ) বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটে কর্মরত ৬ (ছয়) জন ফরেস্ট রেঞ্জারকে ১৯৮৫ সনের নিয়োগ বিধির আওতায় নিয়োগ দেয়া হয়েছে বিধায় তাদের ক্ষেত্রে উন্নীত পদমর্যাদা ও উন্নীত বেতনস্কেল কার্যকর হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলমগীর**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**আইন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬ বাং/১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ

**নং ২২.০০.০০০০.০৭০.৩৩.০১১.২০১০-৭৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.১৫০.০১২.০০.০০. ০৯৯.১৯৯৫-১৩২ নং স্মারক, অর্থ বিভাগের ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৬১.২২.০০২.১১-৩৬৮ নং স্মারক এবং এ মন্ত্রণালয়ের ১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ২২.০০.০০০০.০৭০.৩৩.০১১.২০১০-৭৪ নং স্মারক অনুসারে বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট-এর "ফরেস্ট রেঞ্জার" পদে নিয়োজিত নিম্নোক্ত কর্মকর্তাদের দ্বিতীয় শ্রেণির পদ মর্যাদা প্রদান করে তাঁদের বেতনস্কেল নিম্নরূপে পুনর্নির্ধারণ করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও বর্তমান পদবি | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বর্তমান বেতনস্কেল | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পুনর্নির্ধারিত বেতনস্কেল |
|---|---|---|---|
| ১। | মোঃ হারুনুর রশীদ<br>ফরেস্ট রেঞ্জার<br>ম্যানগ্রোভ সিলভিকালচার বিভাগ<br>বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম। | টাঃ ১২,৫০০—৩০,২৩০/- (গ্রেড-১১) | টাঃ ১৬,০০০—৩৮,৬৪০/- (গ্রেড-১০) |

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও বর্তমান পদবি | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বর্তমান বেতনস্কেল | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পুনর্নির্ধারিত বেতনস্কেল |
|---|---|---|---|
| ২। | মোঃ আবুল বাশার<br>ফরেস্ট রেঞ্জার<br>বীজ বাগান বিভাগ<br>বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম। | টাঃ ১২,৫০০—৩০,২৩০/-<br>(গ্রেড-১১) | টাঃ ১৬,০০০—৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০) |
| ৩। | দিলশাদ আহমদ<br>ফরেস্ট রেঞ্জার<br>সিলভিকালচার জেনেটিক্স বিভাগ<br>বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম। | | |
| ৪। | প্রদীপ কান্তি দাশ<br>ফরেস্ট রেঞ্জার<br>সিলভিকালচার রিসার্চ বিভাগ<br>বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম। | | |
| ৫। | মোঃ আনিছুর রহমান<br>ফরেস্ট রেঞ্জার<br>সিলভিকালচার রিসার্চ বিভাগ<br>বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম। | | |
| ৬। | মোঃ নাছির উদ্দিন<br>ফরেস্ট রেঞ্জার<br>প্রশাসন বিভাগ<br>বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম। | | |

**শর্তাবলি :**

(ক) উপরোক্ত কর্মকর্তাগণের উন্নীত বেতনস্কেলের সুবিধা আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকে প্রদত্ত শর্ত মোতাবেক পদটির গ্রেড পরিবর্তনে পদধারী কোনো বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন না;

(খ) বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটে উপরোক্ত কর্মরত ৬ (ছয়) জন ফরেস্ট রেঞ্জার পদে ১৯৮৫ সনের নিয়োগ বিধির আওতায় নিয়োগ দেয়া হয়েছে বিধায় তাদের ক্ষেত্রেও উন্নীত পদমর্যাদা ও উন্নীত বেতনস্কেল কার্যকর হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলমগীর**
উপসচিব।